গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)
বিদ্যুৎ বিভাগ
আইইবি ভবন (১০ম ও ১১তম তলা), রমনা, ঢাকা
www.sreda.gov.bd

নম্বর: ২৭.০২.০০০০.০১৫.০৬.০০১.২৫-০৩ তারিখ: ১৯ জানুয়ারি ২০২৫

# গবেষণা প্রস্তাব আহ্বান

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের বিদ্যুৎ বিভাগের আওতাধীন টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ (স্রেডা)-এর বাজেটের গবেষণা অনুদান খাতে বরাদ্দকৃত অর্থের মাধ্যমে বাংলাদেশে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানির উন্নয়ন ও সম্প্রসারণ বিষয়ে প্রায়োগিক গবেষণা প্রস্তাব আহবান করা যাচ্ছে।

**গবেষণার ক্ষেত্র**

নবায়নযোগ্য জ্বালানি, বিকল্প জ্বালানি, জ্বালানি সংরক্ষণ ও দক্ষ ব্যবহার, Net Zero Carbon এবং Waste to Energy।

**উদ্দেশ্য**

বাংলাদেশের আর্থ-সামাজিক প্রেক্ষাপটে টেকসই ও নবায়নযোগ্য জ্বালানির উন্নয়ন ও সম্প্রসারণে অবদান রাখা।

**শর্তাবলি**

১। গবেষক/গবেষণা দলের সদস্যদের বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

২। গবেষণাটি একক/দলীয় হতে পারে। দলীয় গবেষণার ক্ষেত্রে দলে ন্যুনতম ০৩ (তিন) জন এবং সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন সদস্য রাখা যাবে;

৩। গবেষণা প্রস্তাবে Introduction, Problem Statement, Research Questions, Rationale of the Research, Objectives, Expected Outcomes, Scope of the Research, Methodology, Data Analysis, Economic Importance সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে;

৪। গবেষণা প্রস্তাবের সময়াবদ্ধ কর্মপরিকল্পনা এবং খাত ও উপখাত উল্লেখসহ একটি যৌক্তিক বাজেট দাখিল করতে হবে;

৫। গবেষণা প্রস্তাবের সাথে গবেষকগণের পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত এবং অভিজ্ঞতা (যদি থাকে) দাখিল করতে হবে;

৬। চূড়ান্ত গবেষণা প্রতিবেদনসমূহ পর্যালোচনার উদ্দেশ্যে গবেষক/গবেষক দলসমূহ তার/তাদের অনুকূলে বরাদ্দকৃত অনুদানের অর্থ হতে স্রেডা'র তত্ত্বাবধানে এক বা একাধিক সেমিনার/কর্মশালা আয়োজন করবেন;

৭। চূড়ান্তভাবে মনোনীত প্রতিটি গবেষণার ক্ষেত্রে সর্বোচ্চ অনুদানের পরিমাণ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা।

৭। চূড়ান্তভাবে মনোনীত গবেষক/গবেষক দলকে আবশ্যিকভাবে একটি ব্যাংক হিসাব খুলতে হবে এবং উক্ত ব্যাংক হিসাবে গবেষণা অনুদান প্রদান করা হবে;

৮। গবেষণার স্বত্ব থাকবে স্রেডা'র। তবে স্রেডা'র পূর্বানুমতিসাপেক্ষে গবেষণাপত্র দেশী ও বিদেশী স্বীকৃত জার্নালে প্রকাশ করা যাবে;

৯। গবেষণা অনুদান তিন কিস্তিতে প্রদান করা হবে;

১০। গবেষণার বিষয় নির্ধারণ, গবেষণা প্রস্তাব পর্যালোচনাপূর্বক প্রাথমিক বাছাই, গবেষণার মধ্যবর্তী ও চূড়ান্ত প্রতিবেদন পর্যালোচনা ইত্যাদি বিষয়ে প্রয়োজনীয়সংখ্যক সেমিনার/কর্মশালার ব্যয় অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত বিধি-বিধান অনুযায়ী স্রেডা'র গবেষণা খাতের বরাদ্দ থেকে নির্বাহ করা হবে;

১১। আগ্রহী গবেষক/গবেষকদলকে আগামী ১৫ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর গবেষণা প্রস্তাব (হার্ডকপি) ও সফটকপি ইমেইলে (member.pr@sreda.gov.bd) দাখিল করতে হবে। গত ২০২৪-২৫ অর্থবছরে যারা গবেষণা প্রস্তাব দাখিল করেছেন, তাদের গবেষণা প্রস্তাব কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়নের জন্য বিবেচিত হবে। একই বিষয়ে নতুনভাবে প্রস্তাব দাখিল করার প্রয়োজন নেই। তবে ইতোপূর্বে দাখিলকৃত প্রস্তাব সংশোধনপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে নতুনভাবে দাখিল করা যাবে।

১২। একই বিষয়ে কোন প্রস্তাব সরকারি, আধা সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে দাখিল করা যাবে না অর্থাৎ দ্বৈততা পরিহার করতে হবে;

১৪। গবেষণা কার্যক্রম, মেয়াদ, বরাদ্দের পরিমাণ ও বরাদ্দপত্রে উল্লেখিত শর্তাদি কর্তৃপক্ষের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে পরিবর্তিত হতে পারে;

১৫। গবেষণা কার্যক্রমের অগ্রগতি পর্যবেক্ষণ, মনিটরিং, আর্থিক সংশ্লেষ ও অন্যান্য বিষয়ে স্রেডা'র সিদ্ধান্তই চূড়ান্ত মর্মে বিবেচিত হবে।

২১.০১.২০২৬

মোঃ জেহাদ উদ্দিন
যুগ্মসচিব ও সদস্য (নীতি ও গবেষণা), স্রেডা